

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়
নীলফামারী।

স্মারক নং ৩৪.০২.৫৫৭৩.০৫৮.০০.০৪২.২৪-১০৮

তারিখ: ২০-১০-২০২৪ খ্রি:

প্রেরক : জেলা ক্রীড়া অফিসার, নীলফামারী।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক /সুপার

বিষয় : সাতার প্রতিযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ অর্থ বছরের আওতায় জেলা ক্রীড়া অফিস নীলফামারীর আয়োজনে কিশোরগঞ্জ উপজেলা চব্বরের উপজেলা পুকুরে মাধ্যমিক পর্যায়ের বালক/বালিকাদের নিয়ে সাতার প্রতিযোগিতা আগামী ২৪/১০/২০২৪ তারিখে সকাল ১০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতা ০৩ টি গ্রুপে অনুষ্ঠিত হবে। ক-গ্রুপে ৬ষ্ঠ ও সপ্তম শ্রেণী খ-গ্রুপে-৮ম শ্রেণী গ-গ্রুপে- ৯ম ও ১০ শ্রেণীর বালক ও বালিকা অংশগ্রহণ করবে। প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠান হতে ১২ জন খেলোয়াড়ের নামের তালিকা নিজস্ব প্যাডে নিম্নে ছক মোতাবেক তৈরি করে নির্দিষ্ট দিনে সদয় উপস্থিতি কামনা করছি। উল্লেখ্য যে, প্রতিযোগিতা শেষে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীকে পুরস্কার প্রদান করা হবে।

ক্রমিক নং	প্রতিযোগির নাম	পিতার নাম	মাতার নাম	শ্রেণী	রোল নং

সরকারি কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে দিনব্যাপী প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সার্বিকভাবে সহযোগিতা কামনা করছি।

২০/১০/২০২৪

মো: আবুল হাসেম
জেলা ক্রীড়া অফিসার
নীলফামারী।

মোবাইল নম্বর: ০১৭৫১-২২৭৭৭২

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। পরিচালক(যুগ্ম সচিব) ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

০২। জেলা প্রশাসক, নীলফামারী।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।

০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।

০৫। অফিস নথি।

